



তারিখ: ১৯ ডিসেম্বর ২০২৩

বিষয়: বাৎসরিক সদস্য ফি, প্রয়োজনীয় দলিলাদি/ ডকুমেন্টস প্রদান করে বাংলাদেশ কম্পিউটার সমিতির ২০২৪-২০২৬ মেয়াদের জন্য কার্যনির্বাহী কমিটি ও শাখা কমিটির নির্বাচনে ভোটার হওয়ার অনুরোধ।

সম্মানিত সদস্য,

আসসালামু আলাইকুম। বাংলাদেশ কম্পিউটার সমিতির নির্বাচন বোর্ড ঘোষিত তফসিল অনুসারে, ২০২৪-২০২৬ মেয়াদকালের জন্য বাংলাদেশ কম্পিউটার সমিতির কার্যনির্বাহী কমিটি ও শাখা কমিটিসমূহের নির্বাচন আগামী ০৯ মার্চ ২০২৪ তারিখে অনুষ্ঠিত হবে। বিসিএস সংঘবিধির ধারা ২০(ক) এবং বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ এর ধারা ১৩(৩) অনুসারে আগামী ০৯ জানুয়ারি ২০২৪ (বিকাল: ৪টা) এর মধ্যে যেসব সদস্য প্রতিষ্ঠান সমিতির প্রাপ্য বকেয়া চাঁদা পরিশোধ করবেন এবং ১১ জানুয়ারি ২০২৪ (বিকাল: ৪টা) এর মধ্যে নিম্নলিখিত প্রয়োজনীয় দলিলাদি প্রদান করবেন বাংলাদেশ কম্পিউটার সমিতির ২০২৪-২০২৬ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি ও শাখা কমিটির নির্বাচনে কেবলমাত্র তারাই ভোটার হতে পারবেন। অন্যদিকে বিসিএস সংঘবিধির ধারা ২০(ক) এবং বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ এর ধারা ১৩(৩) অনুসারে নির্বাচনের ১২০ দিন আগে যারা সদস্য হয়েছেন কেবল তারাই ভোটার হবার যোগ্য হবেন। সেই মোতাবেক উক্ত নির্বাচনে ভোটার হওয়ার জন্য যোগ্যতাসম্পন্ন সকল সদস্যকে অনুরোধ জানানো যাচ্ছে:

১. চেক/পে অর্ডার/ডিমান্ড ড্রাফট/বিসিএস এর ব্যাংক একাউন্টে ডিপোজিট/বিসিএস ওয়েবসাইটে অনলাইন গেটওয়ে- এর মাধ্যমে ২০২৪ সাল পর্যন্ত সমিতির বাৎসরিক সদস্য ফি পরিশোধ করার জন্য অনুরোধ করছি।
[সমিতিতে ২০২৪ সাল পর্যন্ত কল্যাণ তহবিল ফি একই সাথে পরিশোধ করার জন্যও অনুরোধ করছি।]
২. নিম্নলিখিত দলিলাদি/ডকুমেন্টস (মূল কপি থেকে স্ক্যান করে) নির্বাচন বোর্ডের অফিসিয়াল ইমেইলে (election@bcs.org.bd) জমা দেয়ার অনুরোধ করছি। election@bcs.org.bd নির্বাচন বোর্ডের অফিসিয়াল ইমেইল অ্যাড্রেস। সরাসরি বিসিএস কার্যালয়েও নিম্নলিখিত দলিলপত্রের কপি জমা দেয়া যাবে।
 - ২.১ হালনাগাদ (২০২১-২০২২) আয়কর সংক্রান্ত দলিলপত্র/ডকুমেন্টস (আয়কর প্রদান সনদপত্র/ আয়কর প্রদান রশিদ/ আয়কর অ্যাসেসমেন্ট রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার পত্র) এর কপি
 - ২.২ ২০২৩-২০২৪ সালের/ নবায়নকৃত ট্রেড লাইসেন্স-এর কপি
 - ২.৩ সমিতিতে প্রতিনিধিত্বকারী বিদ্যমান বা পরিবর্তিত প্রতিনিধির সম্প্রতি তোলা এক কপি ছবি এবং প্রতিনিধির নিজের স্বাক্ষর। ছবি ও স্বাক্ষর ভোটার তালিকায় ব্যবহৃত হবে এবং নির্ধারিত সময়ের পরে আর কোন পরিবর্তন করা যাবেনা। উল্লেখ্য সমিতির সংঘবিধি অনুসারে কোন ধরনের প্রক্সি ভোট দানের সুযোগ নেই। ভোটারকে স্বশরীরে উপস্থিত থেকে ভোট দিতে হবে।
৩. লিমিটেড কোম্পানী অথবা অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে যদি কেহ সমিতির প্রতিনিধি পরিবর্তন করতে আগ্রহী হন, তবে আগামী ১১ জানুয়ারি ২০২৪ বিকাল ৪টার মধ্যে প্রতিনিধি পরিবর্তনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্নরূপে আবেদন করতে হবে:
 - ৩.১ লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে প্রতিনিধি পরিবর্তনের আবেদনপত্রের সাথে বোর্ড সভার রেজুলেশন, নতুন প্রতিনিধির এক কপি ছবি এবং প্রাক্তন প্রতিনিধি/কোম্পানীর চেয়ারম্যান কর্তৃক নতুন প্রতিনিধির স্বাক্ষর সত্যায়িত করে দাখিল করতে হবে।
 - ৩.২ অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিনিধি পরিবর্তনের আবেদনপত্রের সাথে অংশীদারদের সম্মতিপত্র, নতুন প্রতিনিধির এক কপি ছবি এবং প্রাক্তন প্রতিনিধি/ম্যানেজিং পার্টনার কর্তৃক নতুন প্রতিনিধির স্বাক্ষর সত্যায়িত করে দাখিল করতে হবে।(বিসিএস সংঘবিধির ধারা ৮ অনুসারে, একক মালিক নিয়ে ব্যবসার ক্ষেত্রে মালিক নিজে, অংশীদারী ফার্মের ক্ষেত্রে একজন অংশীদার, কোম্পানী বা কর্পোরেশনের ক্ষেত্রে যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত একজন পরিচালক প্রতিনিধি হিসেবে গণ্য হবেন। এর বাইরের কেউ কোন সদস্য প্রতিষ্ঠানকে প্রতিনিধিত্ব করতে পারবেন না।)

পৃষ্ঠা- ১/২



সকল প্রয়োজনীয় দলিলাদি/ডকুমেন্টস্ এবং বাৎসরিক সদস্য ফি নির্ধারিত সময়ের মধ্যে অত্রসঙ্গে সংযুক্ত ফরম পূরণকরত:
দাখিল করতে হবে।

বাংলাদেশ কম্পিউটার সমিতির নির্বাচন বোর্ডের নির্দেশক্রমে এই পত্র প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

তোজাম্মেল শিকদার কিরন
সচিব, নির্বাচন বোর্ড
মোবাইল: ০১৮৪৭২৮৯০৮৯

বিসিএস এর নিম্নলিখিত যেকোন ব্যাংক একাউন্টে অর্থ জমা দিয়ে ডিপোজিট স্লিপ ইমেইলে (election@bcs.org.bd)
প্রেরণের মাধ্যমে সমিতির বাৎসরিক চাঁদা ও কল্যাণ তহবিল ফি প্রদান করা যাবে।

Bangladesh Computer Samity Bank Asia Corporate Branch A/C : 00233011233	Bangladesh Computer Samity Mercantile Bank Ltd Nowabpur road branch A/C : 1111000220909
Bangladesh Computer Samity Southeast Bank Ltd. Elephant Road Branch A/C : 001911100011411	Bangladesh Computer Samity One Bank Ltd. Elephant Road Branch A/C : 0270233788007

বিসিএস ওয়েবসাইট (www.bcs.org.bd) এর স্ব স্ব কোম্পানীর প্যানেলে লগইন করে বিকাশ/নগদ বা যে কোন
ডেবিট/ক্রেডিট কার্ড ব্যবহার করে গেটওয়ের মাধ্যমে পেমেন্ট করতে পারবেন।

বাৎসরিক ফি সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ: ০১৮৪৭২৮৯০৯৯ (ইকরাম)

বিসিএস ওয়েবসাইট এ লগইন সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ: ০১৮৪৭২৮৯০৯১ (হাবিব)